



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
নম্বর ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.১১৮৯

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭  
০১ নভেম্বর ২০২০

### বিজ্ঞপ্তি

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৩/০৯/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১৯৮৫ নং স্মারকে চট্টগ্রাম সাইলো হতে চাঁদপুর সিএসডিতে ২০০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচল উপসূচি জারি করা হয় এবং বর্ধিত মেয়াদে উক্ত সূচির বিপরীতে ২০০০ মে.টন ঢালা গম অপরিবাহিত রয়েছে। চট্টগ্রাম সাইলো হতে চাঁদপুর সিএসডিতে অপরিবাহিত ২০০০ মে.টন বস্তাবন্দি গম পরিবহণের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত মোতাবেক আগ্রহী/উন্মুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

#### শর্তাবলি :

১। ০২ বছর মেয়াদি মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম নিয়োগকৃত নৌ পরিবহণ ঠিকাদারগণ আবেদন করতে পারবেন;

২। চট্টগ্রাম সাইলো জেটিতে অবস্থানকৃত (ক্রমানুযায়ী যোগদানকৃত) নৌ-যান/বার্জ পরিবহণের জন্য গণ্য হবে;

৩। প্রত্যেক ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে ১০০০ মে.টন (একটি নৌযানে ১০০০ মে.টন গম পরিবহণ করতে পারবে) বস্তাবন্দি গমের সূচি প্রদান করা হবে;

৪। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

জনস্বার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

১-১১-২০২০

মোঃ ফজলে রাওয়ী হায়দার  
উপ-পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর, চট্টগ্রাম